

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকুবি চত্বর, ময়মনসিংহ

২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ রূপরেখা

রূপরেখার শিরোনামঃ কোভিড-১৯ এর অভিঘাতসহ বিভিন্ন আপদকালিন পরিস্থিতি (ঘূর্ণিঝড়, বন্যা, সাইক্লোন) পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনা উদ্ভাবিত লাগসই উন্নত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণ।

লক্ষ্য ও উদ্দেশ্যঃ


- (১) কোভিড-১৯ এর অভিঘাতসহ বিভিন্ন আপদকালিন পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনা উদ্ভাবিত উচ্চ ফলনশীল জাত/প্রযুক্তিসমূহ দ্বারা স্থানীয় ও কম ফলনশীল জাতকে কৃষক পর্যায়ে দ্রুত সম্প্রসারণ করা;
- (২) বৈরী পরিবেশ সহিষ্ণু ফসল শস্য বিন্যাসে অন্তর্ভুক্ত করে এক ফসলি জমিকে দুই ফসলি, দুই ফসলি জমিকে তিন ফসলি এবং তিন ফসলি জমিকে চার ফসলি জমিতে রূপান্তরের মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধি এবং ও নিরাপদ খাদ্য উৎপাদন নিশ্চিত করা।


গৃহীতব্য কার্যক্রমসমূহ এবং ফলাফল

কার্যক্রমসমূহ	ফলাফল
(১) বন্যা পরবর্তী ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য বন্যা উপদ্রুত এলাকায় বন্যা পরবর্তী নাবীতে রোপনযোগ্য আমন ধান বিনাশাইল এবং বিনাধান-২২ এর বীজ এবং চারা কৃষকের নিকট পৌঁছানো।	বিনা উদ্ভাবিত প্রতিকূল সহিষ্ণু উচ্চ ফলনশীল জাত/প্রযুক্তিসমূহ দেশব্যাপী দ্রুত সম্প্রসারণের মাধ্যমে কৃষকগণকে তা ব্যবহারে উদ্বুদ্ধ করার ফলে আপদকালে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি পাবে এবং কৃষকের জীবনমান উন্নয়ন হবে।
(২) আম্পান পরবর্তী ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য দেশের দক্ষিণাঞ্চলে লবণাক্ত সহিষ্ণু উচ্চ ফলনশীল জাতসমূহ সম্প্রসারণের লক্ষ্যে কৃষক পর্যায়ে বীজ সরবরাহ করা এবং প্রদর্শনী স্থাপন এবং কৃষককে ট্রেনিং এর ব্যবস্থা করা।	ফলশ্রুতিতে, কোভিড-১৯সহ আপদকালিন (বন্যা, খরা, সাইক্লোন ইত্যাদি) পরিস্থিতি মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
(৩) প্রতিকূল পরিবেশ উপযোগী ফসলের জাতের মৃত্তিকা, পানি, পুষ্টি, পরিবেশ বান্ধব ও রোগ পোকামাকড় এবং সমন্বিত ফসল ব্যবস্থাপনা সংক্রান্ত ট্রেনিং আয়োজন করা।	
(৪) বন্যা পরবর্তী আগাম শীতকালিন ফসল চাষ করার জন্য কৃষককে উদ্বুদ্ধ করার জন্য সেমিনার/ওয়ার্কশপ/ট্রেনিং এর ব্যবস্থা করা।	
(৫) কোভিড-১৯ অভিঘাতের ফলে ঘাটতি উৎপাদন পূরণে বিনা উদ্ভাবিত প্রযুক্তিসমূহ দেশব্যাপী কৃষক পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে প্রদর্শনী স্থাপন (শস্য বিন্যাস প্রদর্শনীসহ) ও মাঠ দিবসের আয়োজন করা।	
(৬) বিনা উদ্ভাবিত ফসলের উচ্চ ফলনশীল জাতসমূহের চাহিদা পূরণে ৪০ টন প্রজনন বীজ এবং ১১০ টন মান সম্পন্ন বীজ উৎপাদন করা।	

প্রস্তাবিত কার্যক্রমের ব্যয় সংক্রান্ত বিবরণ

ক্রম	বিবরণ	ব্যয় (লক্ষ টাকা)
১	প্রদর্শনী	১০০
২	কৃষক প্রশিক্ষণ	৭০
৩	সেমিনার/ওয়ার্কশপ, মতবিনিময় সভা	২০
৪	প্রচার ও বিজ্ঞাপন	১৫
৫	পরিবহন	১০
	মোট	২১৫


(ড. এম.এম.এ. মন্ডল)
চীফ সায়েন্টিফিক অফিসার
(গবেষণা সমন্বয়ক)
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা
ইনস্টিটিউট, ময়মনসিংহ


ড. মোঃ জাহাঙ্গীর আলম
পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা)
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২, বাংলাদেশ